**বাংলাদেশ মেডিকেল সোসাইটি অব নিউ সাউথ ওয়েলস (বিএমএস)-এর অষ্টম বার্ষিক সায়েন্টিফিক মিটিং ও সাধারন সভা ২০১৮**

বাংলাদেশ মেডিকেল সোসাইটি অব নিউ সাউথ ওয়েলস (বিএমএস)-এর বার্ষিক সায়েন্টিফিক মিটিং এবং সাধারন সভা গত ২২ শে সেপ্টেম্বর নভোটেল সিডনি অলিম্পিক পার্ক  মিলনায়তনে অনুষ্ঠিত হয়।সারা দিনব্যাপী বিপুল সংখক চিকিৎসকের উপস্থিতিতে এবং বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে অত্যন্ত সফলভাবে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।কর্মসূচি শুরু হয় সকাল আট ঘটিকায়।

শুরুতেই চর্ম বিশেষজ্ঞ ডাঃ জিলিয়ান ওয়েলস (Dr Jillian Wells) ডার্মাটোলজি ওয়ার্কশপ এ বিভিন্ন চর্ম রোগের উপর বিশদভাবে আলোচনা করেন. এর পর অধ্যাপক ডাঃ রেজা আলী এবং ফিজিও থেরাপিস্ট কার্টিস ওং (Curtis Wong) তাদের পেশাগত কাজ ও অভিজ্ঞতার আলোকে কমন ফ্র্যাকচার ও ইনজুরির উপর পর্যালোচনা করেন। মধ্যাহ্নভোজের পর ডাঃ রাফাত ইসলাম ও ডাঃ রাহি আকলিমা র সঞ্চালনায় অনুষ্ঠিত হয় বার্ষিক সায়েন্টিফিক মিটিং।স্বাগত বক্তব্য রাখেন সংগঠনটির সাধারন সম্পাদক ডাঃ মিরজাহান মাজু।

সায়েন্টিফিক মিটিং- এর প্রথম পর্বে বিভিন্ন বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন ডাঃ জেবুন্নেসা রহমান, ডাঃ রিটন দাস, ডাঃ শোভিনী সিভাগনানাম (Dr Shobini Sivagnanam) এবং ডাঃ কণিকা আগরওয়াল (Dr Kanika Agarwal).  বৈকালীন চা বিরতির পর আবার শুরু হয় আলোচনা সভা। দ্বিতীয় পর্বে অংশগ্রহণ করেন টিমোথি ডাঃ লরেন্স কিম (Dr Lawrence Kim), নিহাল ডি ক্রুজ (Nihal D’Cruz), ডাঃ সফিকুল বার চৌধুরী এবং সহযোগী অধ্যাপক ডাঃ রেজা আলী.

এ পর্ব দুটি পরিচালনা করেন উক্ত সংগঠনের শিক্ষা সম্পাদক ডাঃ নাজমুন নাহার। তিনি তাঁর বক্তব্যে এডুকেশন সাব কমিটির সকল সদস্য, অংশগ্রহণকারী এবং স্পনসরদের ধন্যবাদ জানান।
সায়েন্টিফিক মিটিং-শেষে সভাপতি ডাঃ মতিউর রহমান এডুকেশন সাব কমিটির সকল সদস্য, উপস্থিত চিকিৎসকবৃন্দ এবং স্পনসরদের ধন্যবাদ জানান। ।

এরপর নৈশভোজে আপ্যায়িত করা হয় সবাইকে।নৈশভোজের পর শুরু হয় বার্ষিক সাধারন সভা।সভাপতি মতিউর রহমানের সভাপতিত্বে,এ পর্বে সাধারন সম্পাদক ডাঃ মিরজাহান মাজু প্রধান সমন্বয়কারীর ভূমিকা পালন করেন। শুরুতেই ফেডারেশন অব বাংলাদেশ মেডিক্যাল

সোসাইটি অব অস্ট্রেলিয়া-র সভাপতি ডাঃ আয়াজ চৌধুরী ফেডারেশনের পক্ষ থেকে বিএমএস এর কার্যকরী কমিটিকে ফেডারেশনের প্রথম কনভেনশন এর আয়োজন করার জন্য ধন্যবাদ জানান। এরপর তিনি সংক্ষেপে ফেডারেশনের বিভিন্ন কার্যক্রমের উপর আলোকপাত করেন। এরপর বেনেভোলেন্ট ফান্ড এর প্রধান হিসেবে ডাঃ শরীফ উদ দৌলা ফান্ড এর বর্তমান কার্যক্রম নিয়ে আলোচনা করেন. বার্ষিক আর্থিক প্রতিবেদন তুলে ধরেন উক্ত সংগঠনের কোষাধ্যক্ষ চিকিৎসক জেসমিন শফিক। সংগঠনটির বার্ষিক কার্য বিবরণী ও আয়-ব্যয়ের প্রতিবেদনে পর উপর সদস্যদের আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে তা পাস হয়।

এরপর বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন সাধারন সম্পাদক মিরজাহান মাজু. তিনি গত এক বছরে সংগঠনের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন এবং এর সাথে জড়িত সকল উপ কমিটিকে ধন্যবাদ জানান. তিনি জানান-এ সংগঠনটির উদ্যোগে প্রতি বছর বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। তার মধ্যে বার্ষিক নৈশভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, সাধারণ সভা, সায়েন্টিফিক মিটিং, ঈদ পুনর্মিলনী ও বার্ষিক বনভোজন উল্লেখযোগ্য। এছাড়াও সংগঠনটি দেশে এবং অস্ট্রেলিয়াতে বিভিন্ন সামাজিক কর্মকান্ডে অংশ গ্রহণ করে থাকে. সম্প্রতি অস্ট্রেলিয়াতে ক্ষরা পীড়িত চাষীদের আর্থিক সহযোগিতার উল্লেখ করেন তিনি. এসময় উপস্থিত সংগঠনের অন্যান্য সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন বক্তারা। মুক্ত আলোচনায় সদস্যরা সংগঠনকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে তাদের সুচিন্তিত অভিমত তুলে ধরেন।

এরপর সভাপতি মতিউর রহমান সমাপনি বক্তব্য দিয়ে এই পর্বটির সমাপ্তি ঘোষণা করেন। তিনি তাঁর বক্তব্যে গত দু বছরে সংগঠনের সকল কার্যক্রমে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। একইসাথে তিনি নতুন কমিটির সবাইকে অগ্রিম অভিনন্দন জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে নতুন কমিটি নিরপেক্ষতা বজায় রেখে ভবিষ্যতে বি এম এস এর ভাবমূর্তিকে আরও সমৃদ্ধশালী করবে। সব শেষে তিনি পুরাতন কমিটি বিলুপ্ত ঘোষণা করেন।

এখানে উল্লেখযোগ্য যে বাংলাদেশ মেডিকেল সোসাইটি অব নিউ সাউথ ওয়েলস গত ১৫ই সেপ্টেম্বর ওয়েস্টমিড হাসপাতালে একটি ট্রায়াল মূলক ক্লিনিক্যাল পরীক্ষার (mock exam) আয়োজন করে। বি এম এস এর বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে বিপুল সংখ্যক শিক্ষার্থী ডাক্তার এতে অংশ নেন। অনুষ্ঠানটির পরিচালনায় ছিলেন শিক্ষা সম্পাদক ডাঃ নাজমুন নাহার এর নেতৃত্বে এডুকেশন সাব কমিটির সকল সদস্য। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে বি এম এস ২০১০ থেকে নিয়মিত ভাবে এ ধরনের পরীক্ষার আয়োজন করে আসছে।

সবশেষ পর্বে ২০১৮-২০২০ মেয়াদের জন্য ২৭ সদস্যবিশিষ্ট পরিচালনা পর্ষদ নির্বাচিত করা হয়। এ পর্বটি পরিচালনা করেন প্রধান নির্বাচন কমিশনার ডাঃ তোজাম্মেল হোসেন । সহযোগিতায় ছিলেন ডাঃ নুরুল ইসলাম এবং ডাঃ রবিউল আলম।

নবনির্বাচিত কার্যকরী কমিটির কর্মকর্তারা হলেন; সভাপতি ডা. শায়লা ইসলাম। সহসভাপতি ডা. রশিদ আহমেদ, ডা. মিরজাহান মাজু ও ডা. আমিন মুতাসিম। সাধারণ সম্পাদক ডা. জাকির পারভেজ। যুগ্ম সম্পাদক ডা. খালেদুর রহমান ও ডা. আয়শা আবেদিন. কোষাধ্যক্ষ ডা. জেসমিন শফিক, সাংগঠনিক সম্পাদক ডা. মেহেদি ফারহান, শিক্ষা সম্পাদক ডা. নাজমুন নাহার, প্রচার ও প্রকাশনা সম্পাদক ডা. ফখরুল ইসলাম এবং সমাজকল্যাণ ও সাংস্কৃতিক সম্পাদক ডাঃ ফাইজুর রেজা ইমন। কার্যকরী কমিটির অন্যান্য সদস্যরা হলেন; ডা. মতিউর রহমান, ডা. শফিকুর রহমান, ডা. হোসেন আহমেদ, ডা. জেসি চৌধুরী, ডা. শফিকুল বার চৌধুরী, ডা. শায়েক খান, ডা. রেজা আলী, ডা. মইনুল ইসলাম, ডা. জান্নাতুন নাইম, ডা. আইরিন কবির, ডা.হালিম চৌধুরী, ডা.আসাদুজ্জামান, ডা.ইশরাত জাহান শিল্পী, ডা.জসিম উদ্দিন এবং ডা.তাইফা আহমেদ মুন.

নব নির্বাচিত সভাপতি ডাঃ শায়লা ইসলাম তার উদ্বোধনী ভাষণে বিএমএস এর নতুন কার্যকরি পরিষদ এবং সকল সদস্যদের ধন্যবাদ জানান। তিনি বলেন বিএমএস একইসাথে সকল শিক্ষানবিশ এবং সিনিয়র ডাক্তারদের সংগঠন। তিনি সবাইকে সাথে নিয়ে সামনে এগিয়ে যাবার অঙ্গীকার করেন এবং সকলের সহযোগিতা কামনা করেন। প্রয়োজনীয় সংবিধান সংশোধন, সংযোজন এবং শিক্ষানবিশ চিকিৎসকদের সকল প্রকার সাহায্য সহযুগিতার সংকল্প ব্যাক্ত করেন। নব নির্বাচিত সাধারণ সম্পাদক সম্পাদক ডাঃ জাকির পারভেজ তার বক্তব্যে বিগত কার্যকরী কমিটির সকল সদস্যদের তাদের অবদানের জন্য ধন্যবাদ জানান। একইসাথে তিনি সবাইকে স্মরণ করিয়ে দেন যে বিএমএস - বাংলাদেশি চিকিৎসকদের একটি অরাজনৈতিক, ধর্মনিরপেক্ষ এবং একটি অলাভজনক সংগঠন। তিনি বি এম এস কে সব ধরনের রাজনীতি থেকে মুক্ত রাখার জন্য এর সকল সদস্যদের আহবান জানান। এরপর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

বাংলাদেশ মেডিকেল সোসাইটি অব নিউ সাউথ ওয়েলস অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস রাজ্যে বসবাসকারী বাংলাদেশি চিকিৎসকদের একটি সংগঠন।এর নিবন্ধিত সদস্য সংখ্যা ৩০০ জনেরও বেশি।

ডাঃ ফখরুল ইসলাম
প্রকাশনা সম্পাদক, বাংলাদেশ মেডিকেল সোসাইটি অব নিউ সাউথ ওয়েলস।